ককটেল বানাতে গিয়ে বিস্ফোরণ, কৃষকলীগ কর্মী নিহত



ছবি: সংগৃহীত

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে ককটেল তৈরির সময় বিস্ফোরণে মো. টমাস আলী (৩৫) নামে এক কৃষকলীগ কর্মীর মৃত্যু হয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন আরও তিনজন।

বুধবার (২৫ নভেম্বর) বিকেল ৩টার দিকে উপজেলার মনাকষা ইউনিয়নের পারচৌকা গ্রামের একটি কলাক্ষেতে এ ঘটনা ঘটে। নিহত টমাস আলী বিশ্বনাথপুর লম্বাটোলা এলাকার মর্তুজা হোসেনের ছেলে।

স্থানীয়দের বরাতে জানা যায়, দুপুরে বাড়ির পেছনের কলাক্ষেত থেকে বিস্ফোরণের শব্দ শুনে সেখানে যান তাঁরা। গিয়ে টমাস আলীকে পড়ে থাকতে দেখেন। এ সময় আহত তিনজনকে ঘটনাস্থল থেকে চলে যেতে দেখা যায়। পরে স্থানীয়রা জানতে পারেন, সেখানে ককটেল তৈরি করা হচ্ছিল।

টমাস আলী কার্যক্রম নিষিদ্ধ জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও শিবগঞ্জ-১ আসনের সাবেক সংসদ সদস্য ডা. সামিল উদ্দিন আহমেদ শিমুলের অনুসারী ছিলেন।

জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার এ এন এম ওয়াসিম ফিরোজ জানান, ককটেল তৈরির সময় বিস্ফোরণে টমাস আলী নিহত হয়েছেন। আহত অন্য তিনজনের পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি। ঘটনার বিস্তারিত জানতে পুলিশ কাজ করছে।